



## পাঁচ দিন পর অপহৃত স্কুলছাত্রী জাবির হল থেকে উদ্ধার

প্রকাশিত: ০২ - মার্চ, ২০১৯ ১২:০০ এ. এম.

নিজস্ব সংবাদদাতা, নওগাঁ, ১ মার্চ। নওগাঁর আত্রাই থেকে অপহৃতা স্কুলছাত্রী মোছা, মিজানা শারমিন (১৫) কে অপহরণের পাঁচ দিন পর জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ছাত্রী হল থেকে উদ্ধার করেছে র্যাব। বৃহস্পতিবার সন্ধ্যা সাড়ে ৬টায় ভিকটিমকে তার পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে। র্যাব-৫ রাজশাহীর সিপিসি-২ নাটোর ক্যাম্পের কোম্পানি কমান্ডার অতিরিক্ত পুলিশ সুপার মোঃ যায়েদ শাহরিয়ার জানান, গত ২৩ ফেব্রুয়ারি সকাল সাড়ে ৯টার দিকে নওগাঁর আত্রাই পাইলট উচ্চ বিদ্যালয়ের দশম শ্রেণীর ছাত্রী ও একই উপজেলার কাশিয়া বাড়ি গ্রামের রহিদুল ইসলামের কন্যা মিজানা শারমিনকে অপহরণ করা হয়। অভিযোগের প্রেক্ষিতে অভিযান পরিচালনা করে তাকে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ফজিলাতুন্নেছা ছাত্রী হল থেকে উদ্ধার করা হয়।

### বরিশাল

স্টাফ রিপোর্টার বরিশাল থেকে জানান, অপহরণের সাত দিন পর অপহৃতা স্কুলছাত্রীকে শুক্রবার দুপুরে উদ্ধার করেছে পুলিশ। ঘটনাটি জেলার গৌরনদী উপজেলার বাঘার গ্রামের।

মাহিলাড়া ইউনিয়ন পরিষদের ইউপি সদস্য চাঁনমনি দেয়ান জানান, গত শনিবার বাঘার গ্রামের সুনীল মন্ডলের পুত্র মিঠুন মন্ডল মাহিলাড়া এএন মাধ্যমিক বিদ্যালয়ের দশম শ্রেণীর এক ছাত্রীকে অপহরণ করে নিয়ে যায়। এ ঘটনায় ওই স্কুলছাত্রীর বাবা থানায় অপহরণ মামলা দায়ের করেন।

মামলার তদন্তকারী কর্মকর্তা এসআই মিজানুর রহমান জানান, শুক্রবার দুপুরে বাঘার এলাকায় অভিযান চালিয়ে অপহৃতা স্কুলছাত্রীকে উদ্ধার করা হয়েছে। পুলিশের উপস্থিতি টের পেয়ে অপহরণকারী ও তার সহযোগীরা পালিয়ে যায়। শনিবার সকালে উদ্ধারকৃত অপহৃতা স্কুলছাত্রীর জবানবন্দী দেয়ার জন্য আদালতে প্রেরণ করা হবে।

**সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক:** মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), **উপদেষ্টা সম্পাদক:** তোয়াব খান, **নির্বাহী সম্পাদক:** স্বদেশ রায়। **সম্পাদক কর্তৃক গ্লোব জনকঠ শিল্প পরিবার-**এর সদস্য প্রতিঠান যথাত্মে গ্লোব প্রিন্টার্স লি: ও জনকঠ লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। **রেজি:** নং ডিএ ৭৯৬। **কার্যালয়:** জনকঠ ভবন, ২৪/ এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইক্সাটন, জিপিও বাস্ক: ৩০৮০, ঢাকা, ফোন: ৯০৩৮৭৭৮০-৯৯ (অটোহাস্টিং ২০ টি লাইন), ফ্যাক্স: ৯০৫১৩১৭, ৮৩১৬৩০৫, ই-মেইল: